



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ-২২০০।




স্মারক নং – ১৪.৩১.৬১০০.২৩০.০৯.০৬১.২৩

তারিখ, ১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.।

প্রাপক – পোস্টমাস্টার জেনারেল
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০।

বিষয় – ডাক পরিবহন ব্যবস্থা সহজীকরণের মাধ্যমে গ্রাহক সেবা বৃদ্ধি সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে মহোদয়কে সদয় অবগত করা যাচ্ছে যে, কিশোরগঞ্জ পোস্টাল বিভাগাধীন আঠারবাড়ি সাব পোস্টঅফিসটি প্রশাসনিকভাবে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় অবস্থিত। আঠারবাড়ি সাব পোস্টঅফিসের অধীনে ২৭ টি শাখা অফিস রয়েছে। ২৭ টি শাখা অফিসের মধ্যে ০৭ টি শাখা অফিস প্রশাসনিক দিক থেকে ময়মনসিংহ পোস্টাল বিভাগাধীন ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় এবং ২০ টি শাখা অফিস নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলার অন্তর্গত। পূর্বের বিদ্যমান মেইল ব্যবস্থাপনায় কেন্দুয়া বা ঈশ্বরগঞ্জ প্রশাসনিক উপজেলা হতে ইস্যুকৃত কোন চিঠি এই ২৭ টি শাখা অফিস পৌঁছাতে ৪/৫ দিন সময় লাগত, অনেক ক্ষেত্রে আরো বেশি। চিঠি মিসসেন্টও হতো। উদাহরণ সরুপ ঈশ্বরগঞ্জ উপজেলা থেকে ইস্যুকৃত কোন চিঠি আঠারবাড়ি সাব পোস্টঅফিসের হিসাবভুক্ত সোহাগী শাখা অফিসে পূর্বের বিদ্যমান মেইল ব্যবস্থাপনায় পৌঁছানোর চিত্র-



(পূর্বের অবস্থা) (৫টি অফিস ডাক পরিবহনে যুক্ত;সময় ৪/৫ দিন)

(সোহাগী শাখা অফিসটি প্রশাসনিক দিক থেকে ঈশ্বরগঞ্জ উপজেলার অন্তর্গত)

পরিবর্তন : ময়মনসিংহ পোস্টাল বিভাগ ও কিশোরগঞ্জ পোস্টাল বিভাগের যৌথ উদ্যোগে ইডি কর্মীদের বিদ্যমান লাইন পরিবর্তন ও বর্ধিতকরণের মাধ্যমে ঈশ্বরগঞ্জ ও কেন্দুয়া ইউপিওর সাথে আঠারবাড়ি সাব পোস্টঅফিসের সরাসরি সংযোগ স্থাপন করা হয়। ফলে উপজেলা হতে এই সব অফিসে বিলির উদ্দেশ্যে প্রেরিত বা এইসব অফিস হতে ইস্যুকৃত কোন চিঠি উপজেলায় পরের দিন বিলি করা সম্ভব হচ্ছে।



(বর্তমান মেইল লাইন) (পূর্বের ৫ টি অফিসের পরিবর্তে মাত্র ১ টি অফিস পরিবহনে যুক্ত;সময় ১ দিন)

সুবিধাদি : আঠারবাড়ি সাব পোস্টঅফিসের সাথে ঈশ্বরগঞ্জ উপজেলা পোস্টঅফিসের সরাসরি মেইল লাইন চালু করার পর ডিসেম্বর/২৩ মাসের এক পরিসংখ্যান অনুযায়ী ঈশ্বরগঞ্জ থেকে ১৩৩ টি চিঠি আঠারবাড়ি সাব পোস্টঅফিসের হিসাবভুক্ত কিছু প্রশাসনিক দিক থেকে ঈশ্বরগঞ্জ উপজেলায় অবস্থিত এমন ০৭ টি শাখা অফিসের পরের দিনই পৌঁছানো সম্ভব হয়েছে। বিপরীত দিকে এই ০৭ টি শাখা অফিস হতে ইস্যুকৃত ৭৮ টি চিঠি পরের দিনই ঈশ্বরগঞ্জ উপজেলায় পৌঁছানো সম্ভব হয়েছে, যেখানে পূর্বে সময় লাগতো ৪/৫ দিন। অপরদিকে কেন্দুয়া উপজেলা পোস্টঅফিসের সাথে আঠারবাড়ি সাবপোস্টঅফিসের সরাসরি মেইল লাইন স্থাপনের ফলে নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলার ২০টি শাখা অফিসের জনগণও পরের দিনই তাদের প্রশাসনিক উপজেলায় চিঠি প্রেরণ করতে পারছে বা চিঠি প্রাপ্ত হচ্ছে।

ডাক পরিবহনে পূর্বের ৫ টি অফিসের সংশ্লিষ্টতার পরিবর্তে ১ টি অফিস যুক্ত থাকায় ডাক কর্মীদের কর্মঘণ্টা সাশ্রয় হচ্ছে; মিসসেন্টের পরিমাণও কমে গেছে। এভাবে ডাক পরিবহন ব্যবস্থা সহজীকরণের মাধ্যমে জনগণ এর সুফল ভোগ করছেন।

(মোঃ সাহেদুজ্জামান সরকার)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
ময়মনসিংহ বিভাগ।